"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

# ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাও।

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫৭২.২১৪.১১.১৯.৬৫০১ তারিখঃ ০১/০৬/২০১৯ ইং।

## -ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

**ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি** এ নিম্ন বর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী পুরুষ নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগন আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ড্রাইভার | ০১ | ৩১/০৫/২০১৯ইং তারিখে প্রার্থীর বয়স ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সনদধারীদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর। | ১৬,৬০০হতে ২৯,৯০০ টাকা। | প্রার্থীকে সাবলীলভাবে বাংলা বলা ও লেখাসহ ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা পড়ার জ্ঞান সম্পন্নসহ হতে হবে এছাড়া নির্দেশনা, সাংকেতিক চিহ্ন বুঝা, প্রতিবেদন এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, জামালপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, টাংগাইল, চট্রগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, বি-বাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, পাবনা, রাজশাহী, নওগাঁ, নাটোর,গাইবান্ধা, খুলনা, বাগেরহাট সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, মেহেরপুর ,বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী , বরগুনা ,সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ। |

**প্রার্থীর অন্যান্য যোগ্যতাঃ**

০১। প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

০২। প্রার্থীকে সরকারী /আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থা/ বৃহৎ শিল্প/ বানিজ্যিক প্রতিষ্ঠানে নূন্যতম ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে যা ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির তারিখ হতে গন্য করা হবে, এছাড়া বিগত ০৩ (তিন) বৎসরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটে নাই মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সহিত দাখিল করতে হবে।

০৩। প্রার্থীকে সু-স্বাস্থ্যের অধিকারীসহ স্বাভাবিক দৃষ্টি সম্পন্ন হতে হবে যা পবিস এর অনুমোদিত ডাক্তার কর্তৃক পরীক্ষা করা হবে।

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগন ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি এর website.(www.pbs.thakurgaon.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন -০১) ডাউনলোড পূর্বক যথাযথভাবে পুরণ করে **আগামী ২৭/০৬/২০১৯ ইং তারিখ** অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে। সাদা কাগজ বা টাইপকৃত কোন আবেদন গ্রহনযোগ্য হবে না। সরাসরি কোন আবেদন পত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

০২। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সহিত জেনারেল ম্যানেজার, ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০/= (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/পোষ্টাল অর্ডার প্রদান করতে হবে।

০৩। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/পোষ্যদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয় কর্তৃক প্রদত্ত সনদ পত্রের অনুলিপি (সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। প্রার্থীদের প্রাথমিক অবস্থায় (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৫। আবেদনকারী প্রার্থীকে সমিতি কর্তৃক গাড়ী চালনা পরীক্ষা সহ লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে।

০৬। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন ও স্বাক্ষাৎকারের জন্য কোন প্রকার টি,এ/ ডি,এ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মুল কপি নিয়োগ কমিটিকে প্রদর্শনের নিমিত্তে সংগে আনতে হবে।

০৭। অত্র পবিস এর কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগনের স্বামী/ স্ত্রী অথবা রক্ত সম্পর্কীয় কাহারো আবেদন করার প্রয়োজন নাই।

০৮। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা ও জেলা কোটা সংক্রান্ত সরকারী নির্দেশ যথাযথভাবে পালন করা হবে।

০৯। অন্য কোন সংস্থা ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত ও স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। যদি কেহ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে।

১০। বর্ণিত পদে নিয়োগের পূর্বে যদি অন্য কোন পদে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার ফলে উল্লিখিত জেলা কোটা পুরন হয়ে যায় তবে সেক্ষেত্রে পূরণকৃত জেলার প্রার্থীর আবেদনপত্র বিবেচনা করা হবে না।

১১। সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। ত্রুটিপূর্ন/অসম্পুর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

"জ্বলছে আলো চলছে দেশ এগিয়ে যাচ্ছে বাংলাদেশ"

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাও পল্লী বিদ্যুৎ সমিতি